

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
ঢাকা

০২ জানুয়ারি ২০১৮

এডি-পি১-৪৬০২/০৩৭৫/২৮৮৭

প্রেরক : মোহাম্মদ নাজমুল হক  
পরিচালক (সংস্থাপন)

প্রাপক : জনাব মোঃ মাহমুদুল ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


বিষয় : বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি-তে দ্বিতীয় সচিব হিসেবে বদলি।

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত শর্তাবলীতে আপনাকে বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি-তে দ্বিতীয় সচিব হিসেবে বদলির সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ বদলি উক্ত মিশনে আপনার দায়িত্বভার গ্রহণের দিন হতে কার্যকর হবে

- ক) বেতন : জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী।  
খ) বৈদেশিক ভাতা : বিধি বর্ণিত শর্ত এবং সীমাসাপেক্ষে মাসিক মার্কিন ডলার ১৪২০/=।  
গ) আপ্যায়ন ভাতা : বিধি বর্ণিত শর্ত এবং সীমাসাপেক্ষে মাসিক মার্কিন ডলার ২৯৩/=।  
ঘ) বাসস্থান : বিধি অনুযায়ী সরকারী ব্যয়ে আসবাবপত্রসহ বাসস্থান।  
ঙ) চিকিৎসা : বিধি অনুযায়ী সরকারী ব্যয়ে চিকিৎসা সুবিধাদি।  
চ) সন্তানাদির শিক্ষা ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।  
ছ) উৎসব ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।  
জ) পোষাক ভাতা : বিদেশে কর্মকর্তা হিসেবে আপনার প্রথম নিয়োগ বিধায় বিধি অনুযায়ী বিবাহিত হলে এবং স্ত্রী সাথে গমন করলে ৬ ১০,০০০/= অন্যথায় ৮ ৪,৮০০/= প্রাপ্য।  
ঝ) বদলি অনুদান : ঢাকায় আহরিত আপনার মাসিক বেতনের অর্ধেকের সমপরিমাণ অর্থ। এক চতুর্থাংশ ঢাকায় এবং এক চতুর্থাংশ ওয়াশিংটন-এ প্রদেয়।  
ঞ) ভ্রমণ ব্যয় : বিধি অনুযায়ী আপনার এবং আপনার পরিবারের সদস্যদের জন্য অনুমোদিত পথে সরকারী ব্যয়ে ঢাকা হতে ওয়াশিংটন পর্যন্ত সুলভ শ্রেণীতে (Economy Class) ভ্রমণ এবং তদসংগে আনুষঙ্গিক ব্যয়।  
ট) ব্যক্তিগত মালামাল পরিবহণ ব্যয় :  
১. ঢাকা হতে ওয়াশিংটন পর্যন্ত ব্যক্তিগত মালামাল পরিবহন এবং তদসংগে আনুষঙ্গিক ব্যয় : বিধি অনুযায়ী প্রাপ্য;  
২. ইনস্যুরেন্স প্রিমিয়াম : বিধি অনুযায়ী প্রাপ্য।


০২। আপনাকে বর্তমান দায়িত্বভার ত্যাগ করে অবিলম্বে নতুন কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এবং জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

  
(মোহাম্মদ নাজমুল হক)  
পরিচালক (সংস্থাপন)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ০১। মহাপরিচালক (প্রশাসন/আমেরিকাস/কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
০২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/অর্থ/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
০৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।  
০৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (নীতি ও সংগঠন/এসএসএ/কনসুলার-১/এমবি ও ইকুপমেন্ট আইসিটি/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
০৫। বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি।  
০৬। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।

  
২/১/২০১৮

(এ. এস. এম. সায়েম)  
সিনিয়র সহকারী সচিব (সংস্থাপন-১)  
দুরালাপনীঃ ৯৫৬৪০৭৮